গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম
কমিউনিকেশন
www.a2i.gov.bd
ঢাকা

## সভার কার্যবিবরণী ২৫ অক্টোবর ২০২২

| | |
|---|---|
| সভাপতি | এন এম জিয়াউল আলম<br>সিনিয়র সচিব |
| সভার তারিখ | ২৪ অক্টোবর ২০২২ খ্রিস্টাব্দ |
| সভার সময় | সকাল ১১ ঘটিকা |
| স্থান | অনলাইন প্ল্যাটফর্ম |
| উপস্থিতি | সভায় অংশগ্রহণকারীদের তালিকা (সংযুক্তি-১) |

সভাপতি অনলাইন প্ল্যাটফর্মের মাধ্যমে সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতেই তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ-এর মাননীয় প্রতিমন্ত্রী জনাব জুনাইদ আহ্‌মেদ পলক, এমপি প্রধান অতিথির বক্তব্যে 'রূপকল্প ২০২১' বাস্তবায়নে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্ব এবং মাননীয় প্রধানমন্ত্রীর তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক উপদেষ্টা জনাব সজীব ওয়াজেদ-এর সার্বিক দিকনির্দেশনার ভূয়সী প্রশংসা করেন। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঘোষিত 'রূপকল্প ২০২১' বাস্তবায়নে স্থানীয় উদ্ভাবন উপস্থাপন, উদ্ভাবনী সংস্কৃতি তৈরি, সময়, খরচ ও যাতায়াত কমিয়ে জনগণের দোরগোড়ায় সেবা পৌঁছে দেওয়াসহ এটুআই-এর নানাবিধ কার্যক্রম ও অগ্রগণ্য ভূমিকা সম্পর্কে মতামত ব্যক্ত করেন। 'রূপকল্প ২০২১' বাস্তবায়নের ফলে সকল শ্রেণী পেশার মানুষের ডিজিটাল সেবা-সুবিধা প্রাপ্তির বিষয়ে ব্যাপক প্রচার ও উদযাপন করা প্রয়োজন, যা সরকারের অন্যতম ফ্ল্যাগশীপ প্রোগ্রাম ডিজিটাল উদ্ভাবনী মেলা আয়োজনের মাধ্যমে করা যেতে পারে। একটি সাশ্রয়ী, টেকসই, জ্ঞানভিত্তিক, উদ্ভাবনী স্মার্ট বাংলাদেশ গড়ে তোলার জন্য নানাবিধ উদ্যোগের অংশ হিসেবে দেশব্যাপী ডিজিটাল উদ্ভাবনী মেলা সুষ্ঠুভাবে আয়োজনে সকলের মতামত ও পরামর্শ জানতে চান। এছাড়া মেলা আয়োজনে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করেন ও মেলার সার্বিক সাফল্য কামনা করেন। ডিজিটাল উদ্ভাবনী মেলার উদ্দেশ্য, মেলা আয়োজনে করণীয় ইত্যাদি বিষয়ে প্রাথমিক ধারণা ও সার্বিক দিকনির্দেশনা প্রদানের জন্য সভাপতি মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়কে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন।

সভাপতি এটুআই-এর প্রকল্প পরিচালক (যুগ্মসচিব) ড. দেওয়ান মহাম্মদ হুমায়ূন কবীরকে আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনা করার অনুরোধ জানান। প্রকল্প পরিচালক, এটুআই ডিজিটাল উদ্ভাবনী মেলা ২০২২ এর প্রস্তাবিত নাম, স্লোগান, লোগো, মেলা কার্যক্রম, মেলার সময়সীমা, বরাদ্দকৃত বাজেট, মেলা উদযাপন কমিটি ইত্যাদি বিষয়ক একটি বিস্তারিত উপস্থাপনা *(সংযুক্তি-ক)* সকলের সামনে উপস্থাপন করেন। পরবর্তীতে আলোচ্যসূচি অনুযায়ি আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রম | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন | সময়সীমা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১। | মেলার নাম ও স্লোগান | ২০২২ সালের দেশব্যাপী ডিজিটাল উদ্ভাবনী মেলার অফিসিয়াল নাম হবে: 'ডিজিটাল উদ্ভাবনী মেলা ২০২২'<br>মেলার স্লোগান: 'উদ্ভাবনী জয়োল্লাসে স্মার্ট বাংলাদেশ' চূড়ান্ত করা হয়েছে। মেলা আয়োজনের ক্ষেত্রে স্থানীয় প্রশাসনকে উক্ত নাম ও স্লোগান ব্যবহার করতে হবে। | জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার (সকল) | ১-২০ নভেম্বর, ২০২২ | মেলা ধার্যকৃত সময়ের মধ্যেই সম্পন্ন করতে হবে। |
| ২। | মেলার লোগো চূড়ান্তকরণ | উপস্থাপনকৃত লোগো চূড়ান্ত করা হয়েছে *(সংযুক্তি-খ)।* নির্বাচিত লোগো মেলা আয়োজন সংশ্লিষ্ট সকল প্রচার কার্যক্রমে ব্যবহার করতে হবে। | জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারগণ | | |
| ৩। | মেলা আয়োজনের সময়সীমা | **ক) উপজেলা পর্যায়ে : ০১ নভেম্বর থেকে ১০ নভেম্বর ২০২২** তারিখের মধ্যে সুবিধাজনক সময়ে উপজেলা পর্যায়ে ০১ দিনব্যাপী এবং<br>**জেলা পর্যায়ে: ১১ নভেম্বর থেকে ২০ নভেম্বর, ২০২২** জেলা পর্যায়ে ০২ দিনব্যাপী মেলা আয়োজন করতে হবে।<br><br>খ) জেলা প্রশাসন এবং উপজেলা প্রশাসন কর্তৃক উল্লেখিত সময়ের মধ্যে মেলা আয়োজনের নির্দিষ্ট তারিখ আগামী ৩০ অক্টোবর ২০২২ এর মধ্যে মেলা উদযাপন কমিটি বরাবর প্রেরণ করতে হবে।<br><br>গ) স্থানীয় প্রশাসন নির্ধারিত তারিখ অনুযায়ী মেলা আয়োজনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। উদ্ভাবনী মেলা সকাল [illegible] বিকাল | জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারগণ | ৩০ অক্টোবর, ২০২২ | মেলা আয়োজনে দেশব্যাপী চলমান উচ্চ মাধ্যমিক পরীক্ষায় যাতে কোন বিঘ্ন না ঘটে সেজন্য স্থানীয় প্রশাসনকে উচ্চ মাধ্যমিক পরীক্ষার সময়সূচি বিবেচনায় রাখতে হবে। |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। উদ্ভাবনী মেলা সকাল ৯টা-বিকাল ৫টা পর্যন্ত সকলের জন্য উন্মুক্ত রাখতে হবে। | | | |
| ৪। | মেলার বাজেট | ক) প্রতি জেলাকে (মহানগরসহ) ২,৪০,০০০ টাকা এবং প্রতি উপজেলাকে ৬৫,০০০ টাকা এটুআই কর্তৃক বরাদ্দ প্রদান করা হয়েছে। উক্ত বরাদ্দকৃত অর্থ ৩১ অক্টোবর, ২০২২ তারিখের মধ্যে জেলা ও উপজেলার বরাদ্দকৃত অর্থ জেলা প্রশাসকের অনুকূলে প্রেরণ করা হবে। | এটুআই | ৩১ অক্টোবর, ২০২২ | জেলা ও উপজেলার অর্থ জেলা প্রশাসকের অনুকূলে বরাদ্দ দেয়া হবে। উপজেলার অর্থ জেলা প্রশাসক উপজেলা নির্বাহী অফিসারের অনুকূল পুনঃবরাদ্দ করবেন। উক্ত ব্যয় নির্বাহে আর্থিক বিধিবিধান অনুসরণ করতে হবে এবং মেলা শেষ হওয়ার পরপরই বিল-ভাউচার এটুআই অফিসে (শুধু এটুআই বরাদ্দের অংশের জন্য) প্রেরণ করতে হবে। |
| | | খ) স্ব-স্ব জেলা প্রশাসন তার অনুকূলের উপজেলা প্রশাসনসমূহে নিজস্ব ব্যবস্থায় বরাদ্দকৃত অর্থ প্রেরণ করবেন। | জেলা প্রশাসক (সকল) | | |
| | | গ) এটুআই কর্তৃক প্রেরণকৃত অর্থ ছাড়াও স্থানীয় প্রশাসন মেলা আয়োজনে স্থানীয় সরকারের স্ব-স্ব রাজস্ব/উন্নয়ন সংশ্লিষ্ট বাজেট ব্যয় করতে পারবে। স্থানীয় সরকার বিভাগ এ সংক্রান্তে প্রয়োজনীয় অনুশাসন জারি করবে। | স্থানীয় সরকার বিভাগ | ৩১ অক্টোবর, ২০২২ | |
| | | ঘ) যেহেতু এটুআই কর্তৃক বরাদ্দকৃত অর্থ মেলা আয়োজনের জন্য পর্যাপ্ত নয় এবং জেলা ও উপজেলা পর্যায়ের দপ্তরগুলো মেলায় অংশগ্রহণ করবে সেহেতু স্টল ডেকোরেশন, উদ্ভাবন শোকেজিং, মেলায় সেবা প্রদান, যাতায়াত ইত্যাদি কাজের জন্য উক্ত দপ্তরগুলো যেন স্ব স্ব দপ্তরের সংশ্লিষ্ট আর্থিক কোডে বরাদ্দকৃত অর্থ থেকে এ কাজে ব্যয় করতে পারে সে বিষয়ে মন্ত্রণালয়/বিভাগ থেকে প্রয়োজনীয় নির্দেশনা জারি করবে। | মন্ত্রণালয়/বিভাগ (সকল) | | |
| | | ঙ) মেলা আয়োজনের প্রয়োজনে জেলা ও উপজেলা প্রশাসন স্থানীয়ভাবে স্পন্সর/পার্টনার নিয়োগ করতে পারবে। | জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারগণ | ১-২০ নভেম্বর, ২০২২ | |
| ৫। | মেলার কার্যক্রম | ক) মেলা আয়োজনের ১ দিন পূর্বে স্থানীয় সকল গণমাধ্যমকে যুক্ত করে প্রেস ব্রিফিং/সংবাদ সম্মেলন আয়োজন করতে হবে। | জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারগণ | ১-২০ নভেম্বর, ২০২২ | শ্রেষ্ঠ উদ্ভাবনগুলো ‘ডিজিটাল বাংলাদেশ দিবস ২০২২’ এর মূল অনুষ্ঠানের সাথে সম্পৃক্ত করা হবে। |
| | | খ) মেলায় বিষয়ভিত্তিক ৪টি প্যাভিলিয়ন (উদ্ভাবনী উদ্যোগ এবং স্টার্টআপ, ডিজিটাল সেবা, হাতের মুঠোয় সেবা এবং শিক্ষা, দক্ষতা উন্নয়ন ও কর্মসংস্থান) স্থাপন করতে হবে। তবে স্থানীয় প্রশাসন প্রয়োজন অনুযায়ী অতিরিক্ত প্যাভিলিয়ন/স্টল স্থাপন করতে পারবে। | | | |
| | | গ) স্থানীয় উদ্ভাবকদের উদ্ভাবন ও স্টার্টআপ প্রদর্শন এবং জাতীয়ভাবে বাস্তবায়নযোগ্য উদ্ভাবন নির্বাচনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | | | |
| | | ঘ) ডিজিটাল সেবা প্রদানকারী সকল সংস্থাসমূহকে মেলায় যুক্তকরণ এবং মেলা প্রাঙ্গন হতে সেবা প্রদান করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | | | |
| | | ঙ) ডিজিটাল সেবার মান উন্নয়নে নাগরিকদের মূল্যায়ন সম্পর্কে অনলাইনে মতামত গ্রহণের ব্যবস্থা করতে হবে। অনলাইন মূল্যায়ন লিংক: a2i.gov.bd/survey | | | |
| | | চ) স্থানীয় গণমাধ্যম ও ক্যাবল টিভিসহ সকল প্রচার মাধ্যমে মেলায় অংশগ্রহণের বিষয়ে প্রচার কার্যক্রম পরিচালনা করতে হবে। | | | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | ছ) আয়োজিত সমাপনী অনুষ্ঠানে উদ্ভাবনী ধারণা/আইডিয়া/প্রকল্প প্রাপ্তি স্বাপেক্ষে প্রতিটি গ্রুপে ১ম, ২য় এবং ৩য় হিসেবে ৩জনকে নির্বাচনের মাধ্যমে পুরস্কৃত করতে হবে। স্থানীয় সংসদ সদস্য/জনপ্রতিনিধিদের সংযুক্ত করতে হবে এবং তাদের উপস্থিতিতে পুরস্কার প্রদান করতে হবে। | | | |
| | | জ) সরকারি-বেসরকারি কর্মকর্তা-কর্মচারি, স্থানীয় জনপ্রতিনিধি, নাগরিক প্রতিনিধি, স্কুল/ কলেজ/ মাদ্রাসা/ বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট শিক্ষক, শিক্ষার্থীদের মেলায় অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। | | | |
| | | ঝ) স্থানীয় পর্যায়ের উদ্ভাবনী উদ্যোগসমূহ, সাফল্যের গল্প-ছবি, মেলা কার্যক্রমের ছবি ও তথ্য, স্থানীয় গণমাধ্যমে প্রকাশিত সংবাদসমূহ, সেবা প্রদান ও অংশগ্রহণকারীদের সংখ্যা/তথ্য সম্বলিত রিপোর্ট তৈরি এবং মেলা উদযাপন কমিটির নিকট প্রেরণ করতে হবে। | | | |
| ৬। | অনলাইন কুইজ প্রতিযোগিতা | ক) ডিজিটাল উদ্ভাবনী মেলা অনলাইন কুইজ প্রতিযোগিতার নিবন্ধন শুরু হবে ১ নভেম্বর ২০২২ এবং চলবে ২০ নভেম্বর ২০২২ রাত ১২টা পর্যন্ত। | এটুআই | ১-২০ নভেম্বর, ২০২২ | অনলাইন কুইজ প্রতিযোগিতার বিজয়ীদের 'ডিজিটাল বাংলাদেশ দিবস ২০২২' এর মূল অনুষ্ঠানে পুরস্কার প্রদান করা হবে। |
| | | খ) অনলাইন কুইজ প্রতিযোগিতা আগামী ৩০ নভেম্বর ২০২২ তারিখে অনলাইনে রাত ৮-৯টার মধ্যে যেকোন ২০ মিনিট অনুষ্ঠিত হবে। ওয়েবসাইট লিংক: innovationquiz.a2i.gov.bd | এটুআই | ৩০ নভেম্বর, ২০২২ | |
| | | গ) জেলা ও উপজেলা পর্যায়ে আয়োজিত প্রেস কনফারেন্স/সংবাদ সম্মেলনে 'ডিজিটাল উদ্ভাবনী মেলা অনলাইন কুইজ' কার্যক্রমটি অগ্রাধিকার ভিত্তিতে উপস্থাপন নিশ্চিত করতে হবে। | জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারগণ | | |
| | | ঘ) জেলা ও উপজেলা পর্যায়ে মেলার প্রচারের পাশাপাশি উক্ত অনলাইন কুইজের রেজিস্ট্রেশনের বিষয়ে ব্যাপক প্রচার নিশ্চিত করতে হবে। | | | |
| | | ঙ) জাতীয়ভাবে কুইজে অংশগ্রহণকারী তিনটি গ্রুপের প্রথম ৩ জন বিজয়ীর জন্য থাকছে ল্যাপটপ/মোবাইল, ট্যাবসহ আকর্ষণীয় পুরস্কার। এছাড়াও স্থানীয়ভাবে উপজেলা ও জেলা পর্যায়ের প্রতি গ্রুপের প্রথম ৩জন বিজয়ীদেরকে সার্টিফিকেট প্রদান করা হবে। | এটুআই | | |
| ৭। | উদ্ভাবকের খোঁজে সিজন ৩ | ক) ডিজিটাল উদ্ভাবনী মেলায় উদ্ভাবকের খোঁজে সিজন-৩ আয়োজনে দায়িত্বপ্রাপ্ত টিমকে উদ্ভাবনী আইডিয়া, উদ্ভাবক এবং উপজেলা ও জেলা প্রশাসনের সম্মানিত কর্মকর্তাদের সাক্ষাৎকার (ভিডিও ধারণ) গ্রহণে জেলা/উপজেলা প্রশাসনকে সার্বিক সহযোগিতা করতে হবে।<br><br>খ) প্রতিটি উপজেলা ও জেলা প্রশাসনের পক্ষ থেকে মেলায় অংশগ্রহণকারী উদ্ভাবকদের তালিকা (উদ্ভাবকের নাম, ফোন, ইমেল, ঠিকানা এবং অভিভাবকের নাম ও ফোন নাম্বার) ও উদ্ভাবনী আইডিয়ার খসড়া পরিকল্পনা/পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন hdmedia@a2i.gov.bd ইমেইলে পাঠাতে হবে।<br><br>গ) মেলা প্রাঙ্গণে উদ্ভাবক এবং শিক্ষার্থীদের উদ্ভাবকের খোঁজে সিজন-৩ তে অংশগ্রহণ করার জন্য সার্বিক প্রচার নিশ্চিত করতে | জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারগণ | | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | [illegible] হবে। | | | |
| ৮। | মেলা উদযাপন কমিটি চূড়ান্তকরণ | প্রস্তাবিত ডিজিটাল উদ্ভাবনী মেলা ২০২২ উদযাপন কমিটি এবং ডিজিটাল উদ্ভাবনী মেলা ২০২২ নির্বাহী কমিটি এবং কমিটির কার্যপরিধি চূড়ান্ত করা হয়েছে *(সংযুক্তি-গ)।* যেকোন কমিটি প্রয়োজনে সদস্য কোঅপ্ট করতে পারবে। | | | সকল কমিটি/ উপকমিটি দ্রুততম সময়ে স্ব স্ব কমিটি/উপকমিটির সভা করে তার কার্যবিবরণী এটুআই অফিসে প্রেরণ করবেন। |
| ৯। | মেলা অনুষ্ঠানের নিরাপত্তা বিধান | ক) মেলা চলাকালীন পর্যাপ্ত নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে যেন কোন প্রকার আইনশৃঙ্খলা পরিস্থিতির বিঘ্ন না ঘটে।<br><br>খ) জননিরাপত্তা বিভাগ এ সংক্রান্তে প্রয়োজনীয় নির্দেশনা জারি করবে। | জননিরাপত্তা বিভাগ<br>জেলা প্রশাসন<br>জেলা পুলিশ | | |
| ১০। | অন্যান্য | ক) স্থানীয় প্রশাসন সার্বিক প্রচারের ক্ষেত্রে মেলা উদযাপন কমিটি কর্তৃক মেলা উদযাপন নির্দেশিকা অনুসরণ করতে হবে। প্রচার কার্যক্রমে সামাজিক যোগাযোগ মাধ্যমকে আবশ্যিকভাবে যুক্ত করতে হবে। | জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার (সকল) | | শেয়ারকৃত নির্দেশিকার বাইরেও স্থানীয় বাস্তবতার প্রেক্ষিতে জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহি কর্মকর্তাগণের যেকোন সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। |
| | | খ) মেলা আয়োজনের অনুমোদন প্রদানসহ সার্বিক তত্ত্বাবধান ও পরিবীক্ষণ কার্যক্রম করার জন্য মন্ত্রিপরিষদ বিভাগকে অনুরোধ করতে হবে। | মন্ত্রিপরিষদ বিভাগ | | |
| | | গ) বিভাগীয় কমিশনারগণ জেলা ও উপজেলা পর্যায়ের মেলা সফলভাবে উদযাপনে প্রয়োজনীয় তদারকি, পরিবীক্ষণ এবং সমন্বয় করবেন।ডিজিটাল উদ্ভাবনী মেলা ২০২২ এর চূড়ান্ত নির্দেশিকা সদয় দ্রষ্টব্য *(সংযুক্তি-ঘ)।* | বিভাগীয় কমিশনার (সকল) | | |

পরিশেষে সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

এন এম জিয়াউল আলম
সিনিয়র সচিব

**নম্বর:** ৫৬.৮৩.০০০০.০০৭.৯৯.০০৭.২২.৬

তারিখ: ১১ কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ
২৭ অক্টোবর ২০২২ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ ;
২। সিনিয়র সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয়;
৩। সিনিয়র সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জননিরাপত্তা বিভাগ;
৪। সিনিয়র সচিব, সচিব মহোদয়ের দপ্তর, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়;
৫। সিনিয়র সচিব, সচিবের দপ্তর , প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়;
৬। সিনিয়র সচিব, সিনিয়র সচিবের দপ্তর, অর্থ বিভাগ;
৭। সচিব, সচিবের দপ্তর , স্থানীয় সরকার বিভাগ;
৮। সচিব , সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ;
৯। সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ;
১০। সচিব, সচিবের দপ্তর, বিদ্যুৎ বিভাগ ;
১১। সচিব, সচিবের দপ্তর, ভূমি মন্ত্রণালয়;
১২। সচিব, সচিবের দপ্তর, কৃষি মন্ত্রণালয়;
[illegible]

১৩। সচিব, সচিবের দপ্তর, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়;
১৪। সচিব, সচিবের দপ্তর, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ;
১৫। সচিব, সচিবের দপ্তর, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ;
১৬। সচিব, সচিবের দপ্তর, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়;
১৭। সচিব, সমন্বয় ও সংস্কার, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ ;
১৮। সচিব, সচিবের দপ্তর, সমাজকল্যাণ মন্ত্রণালয়;
১৯। অতিরিক্ত সচিব, জেলা ও মাঠ প্রশাসন অনুবিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ ;
২০। অতিরিক্ত সচিব, পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ;
২১। বিভাগীয় কমিশনার (সকল);
২২। মহাপরিচালক, মহাপরিচালকের কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর;
২৩। জেলা প্রশাসক (সকল);
২৪। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর , তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ;
২৫। মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ ;
২৬। সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ;
২৭। সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয়;
২৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জননিরাপত্তা বিভাগ;
২৯। সিনিয়র সচিবের একান্ত সচিব, সচিব মহোদয়ের দপ্তর, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়;
৩০। সিনিয়র সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর , প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়;
৩১। একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, অর্থ বিভাগ;
৩২। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর , স্থানীয় সরকার বিভাগ;
৩৩। সচিবের একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ;
৩৪। সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ;
৩৫। সচিবের একান্ত সচিব , সচিবের দপ্তর, বিদ্যুৎ বিভাগ ;
৩৬। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, ভূমি মন্ত্রণালয়;
৩৭। সচিব মহোদয়ের একান্ত সচিব, সচিবের দপ্তর, কৃষি মন্ত্রণালয়;
৩৮। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়;
৩৯। একান্ত সচিব, সচিবের দপ্তর, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ;
৪০। সচিব মহোদয়ের একান্ত সচিব, সচিবের দপ্তর, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ;
৪১। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়;
৪২। সচিব সমন্বয় ও সংস্কারের একান্ত সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ ;
৪৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, সচিবের দপ্তর, সমাজকল্যাণ মন্ত্রণালয়;
৪৪। উপজেলা নির্বাহী অফিসার (সকল);
৪৫। ন্যাশনাল কনসালটেন্ট (একসেবা ইমপ্লিমেন্টেশন স্পেশালিষ্ট), একসেবা এন্ড জিআরএস , এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম;
৪৬। হেড অফ অপারেশনস, অপারেশনস, এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম;
৪৭। ক্যাপাসিটি ডেভেলপমেন্ট স্পেশালিস্ট, কাস্টোমার ইনোভেশন ল্যাব, এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম;
৪৮। পলিসি এনালিস্ট (এডুকেশনাল ইনোভেশন), ফিউচার অফ এডুকেশন, এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম;
৪৯। কনসালটেন্ট , হিউম্যান ডেভেলপমেন্ট মিডিয়া প্রোডাকশন ম্যানেজার, এইচডি মিডিয়া, এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম;
৫০। রেজাল্ট ম্যানেজমেন্ট অফিসার, ডাটা এন্ড এসডিজি, এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম;
৫১। ন্যাশনাল কনসালটেন্ট-রিসার্চ, রিসার্চ, এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম;
৫২। ডিভাইস ইনোভেশন এক্সপার্ট, আই ল্যাব, এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম এবং
৫৩। ন্যাশনাল কনসালটেন্ট_কমিউনিকেশনস ও মিডিয়া আউটরীচ, কমিউনিকেশন, এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম।

২৭-১০-২০২২
এন এম জিয়াউল আলম
সিনিয়র সচিব

**সকল সংযুক্তিসমূহ:**

(১) সভায় অংশগ্রহণকারীদের তালিকা (সংযুক্তি-১)
(২) ডিজিটাল উদ্ভাবনী মেলা ২০২২ বিষয়ক উপস্থাপনা (সংযুক্তি-ক)

(২) ডিজিটাল উদ্ভাবনী মেলা ২০২২ বিষয়ক উপস্থাপনা (সংযুক্তি-ক)

(৩) ডিজিটাল উদ্ভাবনী মেলা ২০২২ এর লোগো (সংযুক্তি-খ)

(৪) ডিজিটাল উদ্ভাবনী মেলা ২০২২ উদযাপন কমিটি ও ডিজিটাল উদ্ভাবনী মেলা ২০২২ নির্বাহি কমিটি (সংযুক্তি-গ)

(৫) ডিজিটাল উদ্ভাবনী মেলা ২০২২ এর চূড়ান্ত নির্দেশিকা (সংযুক্তি-ঘ)